## স্বাস্থ্যবিধি

**প্রশ্ন-১। সংক্রামক রোগ কী? সংক্রামক রোগ কীভাবে প্রতিরোধ করা যায়— তা উল্লেখ কর।**

উত্তর: সংক্রামক রোগ: কিছু রোগ রোগীর কপ, থুথু, হাঁচি, কাশি প্রভৃতির মাধ্যমে ছড়ায়। এসব রোগই সংক্রামক রোগ। যেমন- সোইয়ান ফ্লু, জন্ডিস, বসন্ত, হাম পাঁচড়া, চুলকানি ইত্যাদি।

ক. পরিষ্কার পরিচ্ছন্ন থাকতে হবে। এজন্য নিয়মিত দাঁত মাজা, নখ কাটা, হাত ধোয়া ও গোসল করতে হবে।

খ. জামা-কাপড়, বালিশ, বিছানা, চাদর ইত্যাদি নিয়মিত পরিষ্কার করতে হবে।

গ. যেখানে সেখানে কফ, থুথু ইত্যাদি না ফেলে নির্দিষ্ট স্থানে ফেলতে হবে।

ঘ. হাঁচি, কাশি হলে মুখে হাত বা রুমাল দিয়ে ঢাকতে হবে।

ঙ. রোগে আক্রান্ত ব্যক্তির বিছানা, থালা-বাসন, গ্লাস আলাদা রাখতে হবে।

**প্রশ্ন-২। বয়:সন্ধিকাল কী? এ সময়ে কী কী পরিবর্তন ঘটে?**

উত্তর: বয়ঃসন্ধিকাল: দশ বছরের পর থেকে উনিশ বছর বয়স পর্যন্নন ৩ সময় হলো ছেলে ও মেয়েদের বয়ঃসন্ধিকাল। মেয়েদের বয়ঃসন্ধিকাল শুরুর বয়স আট থেকে তের বছর বয়সের মধ্যে। ছেলেদের ক্ষেত্রে বয়ঃসন্ধিকাল শুরুর বয়স দশ থেকে পনের বছর। তবে কারও কারও ক্ষেত্রে এর চেয়ে আগে বা পরেও বয়ঃসন্ধিকাল শুরু হতে পারে।

বয়ঃসন্ধিকালে যেসব পরিবর্তন ঘটে: বয়ঃসন্ধিকালে ছেলে ও মেয়েদের মধ্যে শারীরিক, মানসিক আচরণের পরিবর্তন দেখা যায়। এ সময় ছেলে ও মেয়েরা দ্রুত লম্বা হয়। ওজন বৃদ্ধি পায়। ছেলেদের ক্ষেত্রে গলার স্বরের পরিবর্তন হয়। বয়ঃসন্ধিকালে সকল ছেলে ও মেয়েদের শারীরিক পরিবর্তন ঘটে। শুধু তাই নয়, এ সময় তারা নিজেদের মতামত প্রকাশ করার চেষ্টা করে। বয়ঃসন্ধিকালে ছেলে ও মেয়েরা তাদের শারীরিক পরিবর্তন দেখে ঘাবড়ে যায়। এতে ঘাবড়ানোর কিছুই নেই। এই পরিবর্তন স্বাভাবিক। কেননা বয়ঃসন্ধিকাল সবার জীবনেই আসে।

**প্রশ্ন-৩। পানিবাহিত রোগ কাকেবলে? দুটি পানিবাহিত রোগের নাম লেখ। সংক্রামক রোগ প্রতিরোধের দুটি উপায় লেখ।**

উত্তরঃপানিবাহিত রোগ হলো সেসব রোগ যা জীবানুযুক্ত দুষিত পানির মাধ্যমে বিস্তার লাভ করে। পানিবাহিত দুটি রোগ হলো

ক. ডায়রিয়া খ. টাইফয়েড

সংক্রামক রোগ প্রতিরোধের দুটি উপায় হলো

ক. চারপাশের পরিবেশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখা।

খ. প্রয়োজনীয় টিকা নেয়া।

৪। সংক্রামক রোগের কারন কী কী?

www.digitalstudyroom.com

উত্তরঃ সংক্রামক রোগের কারণ হলো

ক. সুষম খাদ্য না খাওয়া

খ. জীবানুযুক্ত দুষিত পানি পান করা।

গ. পরিষ্কার পরিচ্ছন্ন না থাকা।

ঘ. আক্রান্ত ব্যক্তির প্রত্যক্ষ বা পরোক্ষ সংস্পর্শে আসা।

ঙ. অস্বাস্থ্যকর খাদ্য গ্রহণ করা

**প্রশ্ন-৫। এইডস কী? এইডস রোগ প্রতিরোধের উপায় সম্পকে চারটি বাক্য লিখ।**

উত্তরঃ এইডস হলো একটি ভিন্ন ধরনের সংক্রামক রোগ যা এইচ আইভি ভাইরাসের মাধ্যমে সংক্রমিত হয়।

এইডস রোগ প্রতিরোধের উপায় সম্পর্কে চারটি বাক্যে লেখা হলো

ক. কোনো রোগীর শরীরে রক্ত দেওয়ার দরকার হলে রক্ত এইডস রোগের জীবাণু আছে কিনা তা পরীক্ষা করে দেখতে হবে।

খ. এ্ইডস রোগীর ব্যবহার করা সুচ সিরিঞ্জ ব্যবহার করা যাবে না।

গ. এইডস আক্রান্ত রোগীর অঙ্গ প্রতিস্থাপন করা যাবে না।

ঘ. এইডস আক্রান্ত মায়ের বুকের দুধ শিশুকে খাওয়ানো থেকেবিরত থাকতে হবে।

**প্রশ্ন-৬। প্রাবাদে আছে স্বাস্থ্যই সকল সুখের মুল স্ব াস্থ্যবিধি মেনে চললে আমরা স্বাস্থ্য ভালো রাখতে পারি এবং স্বাস্থ্যর উন্নতি করতে পারি। তার পরাও আমরা রোগে আক্রান্ত হই। কিসেরমাধ্যমে আমরা সংক্রমক রোগে আক্রান্ত হই। কীভাবে সংক্রামক রোগের বিস্তার ঘটে তা উল্লেখ কর।**

উত্তরঃ আমরা মূলত বিভিন্ন জীবাণুযেমন ব্যাকটেরিয়া ভাইরাস ছত্রাক এসবের মাধ্যমে সংক্রামক রোগে আক্রান্ত হই।

নিম্নলিখিত উপায়ে মূলত সংক্রামক রোগের বিস্তার ঘটে

ক, হাচি কাশির মাধ্যমে

খ. মশারমাধ্যমে

গ. পোকামাকড়ের মাধ্যমে

ঘ. কুকুরের মাধ্যমে

ঙ. দুষিত খাদ্যের মাধ্যমে।

**প্রশ্ন-৭। বয়ঃসন্ধি হলে াজীবেনর এমন এক পর্যায় যখন আমাদের শরীর শিশু অবস্থায় থেকে কিশোর অবস্থায় পৌছায়। সাধারণত মেয়েদের কত বছর বয়সে বয়ঃসন্ধি শুরুহয়। বয়ঃসন্ধিকালে ছেলেমেয়েদের কী কী? পরির্বতন হয়ে থাকে?**

www.digitalstudyroom.com

উত্তরঃ সাধারণত মেয়েদের ক্ষেত্রে ৮ থেকে ১৩ বছর বয়সে বয়ঃসন্ধি শুরু হয়। বয়ঃসন্ধিকালে ছেলে ও মেয়েদের মধ্যে শারীরিক মানসিক ও আচরণবিধি পরিবর্তন হয়।

**প্রশ্ন-৮। সংক্রামক রোগের প্রকারভেদ সম্পর্কে আলোচনা কর।**

উত্তরঃ সংক্রমন পদ্ধতি এবং জীবাণুর বাহকের ওপর ভিত্তি করে সংক্রামক রোগ বিভিন্ন ধরনের হয়ে থাকে। নিচে এর প্রকারভেদ সম্পর্কে আলোচনা করা হলোঃ

ক. বায়ুবাহিত রোগ ঃ এ সকল রোগ হাচি কাশি বা কথাবার্তা বলার স ময় বায়ুতে জীবাণু ছড়ানোর মাধ্যমে হয। যেমন- হাম, যক্ষা, গুটিবসন্ত ইত্যাদি।

খ. পানিবাহিত রোগঃ এ সকল রোগ দুষিত পানির মাধ্যমে বিস্তার লাব করে। যেমন- ডায়রিয়া, কলেরা, আমাশয় ইত্যাদি।

গ. ছোয়াচে রোগঃ রোগাক্রান্ত ব্যক্তির প্রত্যক্ষ বা পরোক্ষা সংস্পর্শে এর সকল রোগ সংক্রমিত হয়। যেমন- ফ্লু, ইবোলা, হাম ইত্যাদি।

ঘ. প্রাণী ও পোকামাকড়াবহিত রোগঃ বিভিন্ন প্রাণী এবং পোকামাকড়েরর মাধ্যমে বিভিন্ন সংক্রামক রোগছড়িয়ে পড়ে । যেমন- কুকুরের কামড়ের মাধ্য জলাতঙ্ক রোগ এবং মশার কামড়ের মাধ্যমে ম্যালেরিয়া ও ডেঙ্গু রোগ ছড়ায়।

**প্রশ্ন-৯। বয়ঃসন্ধিকাল কী এ সময়ে কীকী পরিবর্তন ঘটে তা চারটি বাক্যে লেখ।**

উত্তরঃ বয়ঃসন্ধিকাল হলে াজীবনের একটি পর্যায়। জীবনের এই পর্যয়ে ছেলে মেয়েরা শৈশব থকে কৈশোরে পৌছায়। বয়ঃসন্দিকালে ছেলে মেয়েদের শারীরিক ও মানসিক যে পরিবর্তন ঘটে তা নিচে দেয়া হলোঃ

ক. বয়ঃসন্দিকালে ছেলে মেয়েরা দ্রুত লম্বা হয় একটু বেশি ঘামে।

খ. এসময় তাদের শারীরিক গঠন পরিবতিতি হয় ত্বক তৈলার হয ব্রন ওঠে

গ. ছেলেদের গলার স্বরের পরিবর্তন ঘটে মাংসপেশি সুগঠিত হয় দাড়ি গোফ গজায় এবং এ সময় মেয়েদেরও মাংসপেশি সুগঠিতহয়।

ঘ. এ সময় অনেকে খুব আগেবপ্রবন হয় অল্পতেই হতাশ হযে পড়ে এবং শারীরিক পরিবর্তন দেখে দুশ্চিন্তায় ভোগে।

**প্রশ্ন-১০। নাবিলা সংক্রামক রোগে আক্রান্ত। এ রোগ থেকে মুক্তির জন্য তার কী করা উচিত?**

উত্তরঃ নাবিলা জীবাণুর মাধ্যমে সংক্রামক রোগে আক্রান্ত হয়েছে। এ রোগ থেকে মুক্তি পেতে হলে নাবিলাকে নিম্নলিখিত কাজগুলো করতে হবে।

ক. পর্যাপ্ত বিশ্রাম নিতে হবে।

খ. পুষ্টিকর খাবার খেতে হবে।

www.digitalstudyroom.com

গ. প্রচুর পরিমাণে নিরাপদ পানি পান করতে হবে্

ঘ. হালকা জ্বর হলে বা সামান্য মাথাব্যাথা হলে প্রথমিকভাবে কিছু ঔষুদ গ্রহণ করতে হবে।

ঙ. জ্বর ভালো না হলে ক্রমাগত বমি হতে থাকলে কিংবা মারাত্মক মাথাব্যাথা হলে ডাক্তারের পরামর্শ নিতে হবে।

## সংক্ষিপ্ত প্রশ্নের উত্তরঃ

**প্রশ্ন-১. আমাদের চার পাশে কী ছড়িয়ে আছে?**

উত্তর: আমাদের চারপাশে বিভিন্ন রোগজীবাণু ছড়িয়ে আছে।

**প্রশ্ন-২. রোগজীবাণু কিসের মাধ্যমে ছড়ায়?**

উত্তর: কিছু রোগজীবাণু পানির মাধ্যমে ছড়ায়, কিছু রোগজীবাণু বাতাসের মাধ্যমে ছড়ায়, আবার কিছু রোগজীবাণু কীট-পতঙ্গের মাধ্যমে ছড়ায়।

**প্রশ্ন-৩. আমরা কোথা হতে পানি পাই?**

উত্তর: পুকুর, জলাশয়, খালবিল, নদী,হ্রদ, ভূ-গর্ভের গভীর ও অগভীর পানির স্তর থেকে আমরা পানি পাই।

**প্রশ্ন-৪. বায়ুবাহিত রোগ কাকে বলে?**

উত্তর: যে সকল রোগের জীবাণু বাতাসের মাধ্যমে ছড়ায় সেগুলো কে বায়ুবাহিত রোগ বলে।

**প্রশ্ন-৫. কয়েকটি বায়ুবাহিত রোগের নাম লিখ?**

উত্তর: কয়েকটি বায়ুবাহিত রোগের নাম হলো: সর্দিজ্বর বা ইনফ্লুয়েঞ্জা, বসন্ত, হাম ইত্যাদি।

**প্রশ্ন-৬. যক্ষা প্রতিরোধের জন্য শিশুকে কি টিকা দিতে হয়?**

উত্তর: বিসিজি।

**প্রশ্ন-৭. হাঁচি-কাশির সময় কি দিয়ে নাক মুখ ঢেকে রাখতে হবে?**

উত্তর: হাঁচি-কাশির সময় মাক্স বা রুমাল দিয়ে নাক মুখ ঢেকে রাখতে হবে

**প্রশ্ন-৮. কোথায় যক্ষা রোগের বিনামূল্যে চিকিৎসা দেয়া হয়?**

উত্তর: সরকারি স্বাস্থ্যকেন্দ্রে যক্ষারোগের বিনামূল্যে চিকিৎসা দেয়া হয়।

**প্রশ্ন-৯. সংক্রামক রোগের জীবাণু কিসের মাধ্যমে** ছড়ায়?

উত্তর: সংক্রামক রোগের জীবাণু রোগীর কফ, থুথু, হাঁচি-কাশির মাধ্যমে ছড়ায়।

**প্রশ্ন-১০. কয়েকটি সংক্রামক রোগের নাম লিখ।**

উত্তর: সর্দিজ্ব বা ইনফ্লুয়েঞ্জাসহ সোয়াইয়ন ফ্লু, জণ্ডিস, বসন্ত, হাম, পাঁচড়া, চুলকানি ইত্যাদি সংক্রামক রোগ।

**প্রশ্ন-১১. এনোফিলিস জাতীয় স্ত্রী মশার কামড়ে কোন রোগ হয়?**

উত্তর: এনোফিলিস জাতীয় স্ত্রী মশার কামড়ে ম্যালেরিয়া রোগ হয়।

www.digitalstudyroom.com

**প্রশ্ন-১২. কোন মশার কামড়ে গোঁদ রোগ হয়?**

উত্তর: কিউলেক্স মশার কামড়ে গোঁদ রোগ হয়।

**প্রশ্ন-১৩. কোন ভাইরাসের কারণে সোয়াইন ফ্লু হয়?**

উত্তর: এইচ ওয়ান এন ওয়ান $(H_1N_1)$ নামক এক ধরনের ভাইরাসের কারণে সোয়াইন ফ্লু রোগ হয়।

**প্রশ্ন-১৪. এডিস মশার কামড়ে কোন রোগ হয়?**

উত্তর: এডিস মশার কামড়ে ডেংগু জ্বর হয়।

**প্রশ্ন-১৫. এডিস মশা সাধারণত কখন কামড়ায়?**

উত্তর: এডিস মশা সাধারণত সকাল ও সন্ধ্যার পূর্বে কামড়ায়।

**প্রশ্ন-১৬. বাতজ্বর হওয়ার কারণ কি?**

উত্তর: সাধারণত অস্বাস্থ্যকর, স্যাঁতস্যাঁতে অন্ধকার ঘরে বহুদিন ধরে বাস করার কারণে বাতজ্বর হয়।

**প্রশ্ন-১৭. বাতাজ্বরের জীবাণুটির নাম কি?**

উত্তর: বাতজ্বরের জীবাণুটির নাম হলো: স্ট্রেপটোকক্কাস।

**প্রশ্ন-১৮. শিশুর শৈশবকাল কাকে বলে?**

উত্তর: শিশুর জন্মের পর থেকে পাঁচ বছর পর্যন্ত সময়কে তার শৈশব কাল বলে।

**প্রশ্ন-১৯. বালিকা কাকে বলে?**

উত্তর: সাধারণত ছয় বছর বয়সের পরে মেয়ে শিশুকে বলা হয় বালিকা।

**প্রশ্ন-২০. বালক কাকে বলে?**

উত্তর: সাধারণত ছয় বছর বয়সের পরে ছেলে শিশুকে বলা হয় বালক।

**প্রশ্ন-২১. বয়:সন্ধিকাল কী?**

উত্তর: দশ বছরের পর থেকে উনিশ বছর বয়স পর্যন্ত সময়টা হলো ছেলেদের ও মেয়েদের বয়:সন্ধিকাল।

**প্রশ্ন-২২. কখন মেয়েদের বয়:সন্ধিকাল শুরু হয়?**

উত্তর: মেয়েদের বয়:সন্ধিকাল শুরু হয় আট থেকে তের বছর বয়সের মধ্যে।

**প্রশ্ন-২৩. কখন ছেলেদের বয়:সন্ধিকাল শুরু হয়?**

উত্তর: ছেলেদের বয়:সন্ধিকাল শুরু হয় দশ থেকে পনের বছর বয়সের মধ্যে।

**প্রশ্ন-২৪. সংক্রামক রোগ কাকে বলে?**

উত্তর: যেসব রোগ একজন থেকে অন্যজনে ছড়িয়ে পড়ে সেসব রোগকে সংক্রামক রোগ বলে।

**প্রশ্ন-২৫. বাল্যকাল কাকে বলে?**

উত্তর: ছয় থেকে দশ বছর বয়স পর্যন্ত সময়কে বাল্যকাল বলে।

www.digitalstudyroom.com

# বহুনির্বাচনী প্রশ্নঃ

১. হাম, বসন্ত ইত্যাদি রোগ কিসের মাধ্যমে ছড়ায়?

(ক) পানি (খ) বায়ু

(গ) মশা (ঘ) খাদ্য

উত্তরঃ বায়ু

২. নিচের কোনটি খালি চোখে দেখা যায় না?

(ক) সোনা (খ)রূপা

(গ) রোগজীবাণু (ঘ) লোহা

উত্তরঃ রাগজীবাণু

৩. নিচের কোনটি সোয়াইন ফ্লুর লক্ষণ?

(ক) নাক দিয়ে পানি পড়বে (খ) ক্ষুধা বৃদ্ধি পাবে

(গ) শরীরে ঘাম হবে (ঘ) চুলকানি হবে

উত্তরঃ চুলকানি হবে

৪. নিচের কোনটি বায়ুবাহিত রোগ নয়?

(ক) হাম (খ) বসন্ত

(গ) সর্দিজ্বর (ঘ) আমাশয়

উত্তরঃ আমাশয়

৫. বয়ঃসন্ধিকালের পরিবর্তনের সময় ছেলেমেয়েদের মধ্যে নিচের কোনটি ঘটে?

www.digitalstudyroom.com

(ক) সবার সাথে বন্ধুভাবাপন্ন হয়

(খ) লেখাপড়া অধিক মনোযোগী হয়

(গ) প্রদিতিন স্কুলে যেতে পছন্দ করে

(ঘ) শারীরিক, মানসিক ও আচরণের পরিবর্তন হয়

উত্তরঃ শারীরিক, মানসিক ও আচরণের পরিবর্তন হয়

৬. বিসিজি টিকা কোন রোগের প্রতিরোধ?

(ক) যক্ষ্মা (খ) আমাশয়

(গ) ডায়রিয়া (ঘ) কোনোটিই নয়

উত্তরঃ যক্ষ্মা

৭. নিচের কোনটি সোয়াইন ফ্লু রোগের জন্য দায়ী?

(ক) $HIV$ (খ) $H_1N_1$

(গ) $TMV$ (ঘ) $E-coli$

উত্তরঃ $H_1N_1$

৮. নিচের কোনটি সংক্রামক রোগ?

(ক) বসন্ত (খ) পাঁচড়া

(গ) হাম (ঘ) সবগুলোই

উত্তরঃ সবগুলোই

৯. এনোফিলিস জাতীয় স্ত্রী মশার কামড়ে কোন রোগ হয়?

(ক) গোঁদ রোগ (খ) ম্যালেরিয়া

(গ) ডায়রিয়া (ঘ) জণ্ডিস

উত্তরঃ ম্যালেরিয়া

১০. কিউলেক্স মশার কামড়ে কোন রোগ হয়?

(ক) ম্যালেরিয়া (খ) ডায়রিয়া

(গ) গোঁদ রোগ (ঘ) হাম

উত্তরঃগোঁদ রোগ

১১. সোয়াইন ফ্লু রোগে আক্রান্ত জ্বরের মাত্রা কত হয়?

(ক) ১০০° ফারেনহাইট (খ) ১০২° ফারেনহাইট

১২. কোন রোগের চিকিৎসায় অবহেলা করলে হৃৎপিণ্ডের ক্ষতি হওয়ার সম্ভাবনা থাকে?

(ক) রাতকানা (খ) ডায়রিয়া

(গ) কলেরা (ঘ) বাতজ্বর

উত্তরঃ বাতজ্বর

১৩. এডিশ মশার কামড়ে নিচের কোন রোগটি হয়?

(ক) গোঁদ রোগ (খ) ম্যালেরিয়া

(গ) ডেংগু জ্বর (ঘ) কলেরা

উত্তরঃডেংগু জ্বর

১৪. কোন রোগের জন্য বিসিজি টিকা দিতে হয়?

(ক) বসন্ত (খ) হাম

(গ) যক্ষ্মা (ঘ) ইনফ্লুয়েঞ্জা

উত্তরঃ যক্ষ্মা

১৫. বাতজ্বরে সাধারণত কারা বেশি আক্রান্ত হয়?

(ক) শিশুরা (খ) বৃদ্ধরা

(গ) প্রাপ্ত বয়স্করা (ঘ) সকলেই

উত্তরঃ শিশুরা

১৬. স্ট্রেপটোকক্কাস নামক জীবাণুর কারণে কোন রোগ হয়?

(ক) কলেরা (খ) ডেংগুজ্বর

(গ) বাতজ্বর (ঘ) বসন্ত

উত্তরঃ বাতজ্বর

১৭. নিচের কোনটি শৈশবকাল?

(ক) জন্ম হতে পাঁচ বছর বয়স পর্যন্ত

(খ) জন্ম হতে ছয় বছর বয়স পর্যন্ত

www.digitalstudyroom.com

(গ) জন্ম হতে সাত বছর বয়স পর্যন্ত

(ঘ) জন্ম হতে আট বছর বয়স পর্যন্ত

উত্তরঃ জন্ম হতে পাঁচ বছর বয়স পর্যন্ত

১৮. কোন রোগটি পানিবাহিত রোগ?

(ক) বসন্ত (খ) হাম

(গ) ডায়রিয়া (ঘ) ইনফ্লুয়েঞ্জা

উত্তরঃ ডায়রিয়া

১৯. নিচের কোনটি বাল্যকাল?

(ক) ৫-১০ বছর পর্যন্ত (খ) ৬-১০ বছর পর্যন্ত

(গ) ৫-১২ বছর পর্যন্ত (ঘ) ৬-১২ বছর পর্যন্ত

উত্তরঃ৬-১০ বছর পর্যন্ত

২০.যক্ষ্মা রোগের প্রতিষেধক কোনটি?

(ক) পেনিসিলিন (খ) বিসিজি

(গ) স্যালাইন (ঘ) ব্যাকটেরিয়া

উত্তরঃ বিসিজি

২১. নিচের কোনটি বয়:সন্ধিকাল?

(ক) ১৫-২০ বছর পর্যন্ত (খ) ১০-২০ বছর পর্যন্ত

(গ) ১০-১৯ বছর পর্যন্ত (ঘ) ১৫-২১ বছর পর্যন্ত

উত্তরঃ১০-১৯ বছর পর্যন্ত

২২.সংক্রামক রোগ কোনটি?

(ক) আমাশয় (খ) জন্ডিস

(গ) কলেরা (ঘ) মাথাব্যথা

উত্তরঃ আমাশয়

২৩.হাতে-পায়ের গিঁটে ব্যথা হওয়া কোন রোগের লক্ষণ?

(ক) বসন্ত (খ) কলেরা

(গ) এইডস (ঘ) বাতজ্বর

উত্তরঃ বাতজ্বর

২৪.ডেঙ্গুজ্বরের জীবাণু বহনকারী মশা কোনটি?

(ক) ফাইলেরিয়া (খ) ম্যালেরিয়া

(গ) এডিস (ঘ) এনোফিলিস

উত্তরঃ এডিস

২৫.এইডস ছড়াবে কোন উপায়ে?

(ক) আক্রান্ত ব্যক্তির সেবা করলে

(খ) আক্রান্ত ব্যক্তির সাথে খাবার খেলে

(গ) আক্রান্ত মায়ের বুকের দুধ সন্তানকে খাওয়ালে

(ঘ) আক্রান্ত ব্যক্তির সাথে খেলাধুলা করলে

উত্তরঃ আক্রান্ত মায়ের বুকের দুধ সন্তানকে খাওয়ালে

২৬.কফ ও থুথুর মাধ্যমে কোন রোগ ছড়ায়?

(ক) যক্ষ্মা (খ) কলেরা

(গ) আমাশয় (ঘ) ডায়রিয়া

উত্তরঃ যক্ষ্মা

২৭.ডেঙ্গু সাধারণত বংশবিস্তার করে—

(ক) ভাঙ্গা দ্রব্যাদিতে জমা পানিতে (খ) অন্ধকারে

(গ) ঘরের কোণায় (ঘ) স্যাঁতস্যাঁতে জায়গায়

উত্তরঃ ভাঙ্গা দ্রব্যাদিতে জমা পানিতে

২৮. কীভাবে এইচআইভি ছড়ায় না?

(ক) এইচআইভি সংক্রমিত রক্ত গ্রহণ

(গ) আক্রান্ত ব্যক্তির সাথে ওঠাবসা করলে

(ঘ) সংক্রমিত ব্যক্তির অপারেশনে ব্যবহৃত যন্ত্রপাতি ব্যবহার করলে

উত্তরঃ আক্রান্ত ব্যক্তির সাথে ওঠাবসা করলে

২৯. আমাশয় কোন ধরনের রোগ?

www.digitalstudyroom.com

(ক) পানিবাহিত রোগ (খ) বায়ুবাহিত রোগ

(গ) . অসংক্রামক রোগ (ঘ) পতঙ্গবাহিত রোগ

উত্তরঃ বায়ুবাহিত রোগ

৩০. ডায়রিয়া হওয়ার সাথে সাথে রোগীকে কী দিতে হবে?

(ক) গোশত (খ) স্যালাইন

(গ) . ফলমূল (ঘ) . ইলিশ মাছ

উত্তরঃ স্যালাইন

৩১. ডায়রিয়ার ফলে শরীরে কী সমস্যা দেখা দেয়?

(ক) রক্তস্বল্পতা (খ) পানিস্বল্পতা

(গ) ভিটামিনের অভাব (ঘ) শরীরে পঙ্গুত্ব

উত্তরঃ পানিস্বল্পতা

৩২. কানটি পানিবাহিত রোগ?

(ক) বসন্ত (খ) হাম

(গ) ডায়রিয়া (ঘ) ইনফ্লুয়েঞ্জা

উত্তরঃ ডায়রিয়া

৩৩. কানটি ছোঁয়াচে রোগ?

(ক) বাতজ্বর (খ) পাঁচড়া

(গ) হাঁপানি (ঘ) রাতকানা

উত্তরঃ পাঁচড়া

৩৪. কারা বাতজ্বরে বেশি আক্রান্ত হয়?

(ক) শিশুরা (খ) মধ্যবয়স্ক ব্যক্তিরা

(গ) প্রাপ্ত বয়স্ক ব্যক্তিরা ঘ. বৃদ্ধরা

উত্তরঃ বৃদ্ধরা

৩৫. সোয়াইন ফ্লু রোগের জন্য দায়ী ভাইরাসের নাম কী?

(ক) এইচ ওয়ান এন ওয়ান (খ) এইচআইভি

(গ) ই.কোলাই (ঘ) স্ট্রেপটোকক্কাস

উত্তরঃ এইচআইভি

৩৬.রাকিবের ম্যালেরিয়া হয়েছে কোন মশা কামড়ালে এ রোগ হয়?

(ক) ডেঙ্গু (খ) ফাইলেরিয়া

(গ) এনোফিলিন (ঘ) কিউলেক্স

উত্তরঃ এনোফিলিন

৩৭. তন্দ্রা একটি সংক্রামক রোগে আক্রান্ত যা কুকুরের কামড়ের মাধ্যমে ছড়ায়। রোগটির নামকী?

(ক) টাইফয়েড (খ) ডেঙ্গু

(গ) জালাতঙ্ক (ঘ) এইডস

উত্তরঃ জালাতঙ্ক

৩৮. মিনা জীবাণুমুক্ত পানি পানে ফলে একটি সংক্রামক রোগে আক্রান্ত হয়েছে। রোগটির নাম কী?

(ক) ক্যান্সার (খ) ডায়াবেটিকস

(গ)জন্ডিস (ঘ) ডেঙ্গু

উত্তরঃ জন্ডিস

৩৯. রহিমের বয়স ১৩ বছর হয়েছে। এ সময়তার কোন পরিবর্তনটি তোমার বা সকলের নজরে পড়বে?

(ক) মানসিক পরিবর্তন (খ) শারীরিক পরির্বতন

(গ)আর্থিক পরিবর্তন (ঘ) ক ও খ উভয়ই

উত্তরঃ ক ও খ উভয়ই

৪০. অর্কর মধ্যে ইদানিং শারীরিক মানসিক ও আচরণজনিত পরিবর্তন দেখা দিয়েছে। এটা তার জীবনের কোন পর্যায়

(ক) শিশুকাল (খ) বয়ঃসন্ধিকাল

(গ) বার্ধক্যকাল (ঘ) শৈশবকাল

উত্তরঃ বয়ঃসন্ধিকাল

৪১.তপু অপরিস্কার খাবার খায়। তার কোন রোগটি হতেপারে?

(ক) হাম (খ) বসন্ত

(গ)এইডস (ঘ) কলেরা

উত্তরঃ কলেরা

৪২. আল্পনা তাদের বাড়ির সামনের পুকুরে গোসল করতে গিয়ে পুকুরের পানি খেয়ে ফেলেছে। ফলে সে একটি সংক্রামক রোগে আক্রান্ত হয়েছে। রোগটি কী?

(ক) যক্ষ্মা (খ) হাম

www.digitalstudyroom.com

(গ)ডেঙ্গু জ্বর (ঘ) টাইফয়েড

উত্তরঃ টাইফয়েড

৪৩. পানি নিরপাদ না হলে এর মাধ্যমে রোগছাড়ায়। নিচের কোন রোগটি এ ধরনের পানি পান করলে হয়ে থাকে?

(ক) বসন্ত (খ) আমাশয়

(গ) ডেঙ্গু (ঘ) বাতজ্বর

উত্তরঃ আমাশয়

৪৪. হ্যারির বয়স ১৩ বছর । ইদানীং অল্পতেই সে হতাশ হয়ে পড়ে। এর কারণ কোনটি?

(ক) আবেগপ্রবণ হওয়া

(খ) মেজাজ উগ্রহওয়া

(গ) দুশ্চিন্তা করা

(ঘ) কাজে অমনোযোগী থাকা

উত্তরঃ আবেগপ্রবণ হওয়া

৪৫. হেলালের সরকারি স্বাস্থ্যকেকেন্দ্র একটি রোগের জন্য প্রতিষেধক টিকা দেওয়া হলো । রোগটি কী হতে পারে?

(ক) ডেঙ্গু (খ) ডায়রিয়া

(গ) জন্ডিস (ঘ) যক্ষা

উত্তরঃ যক্ষা

৪৬. কোনটি ম্যালেরিয়া জলাতঙ্ক রোগের জীবাণু বহন করে?

(ক) ময়ুর (খ) মশা

(গ)ছাগল (ঘ) কুকুর

উত্তরঃ মশা

৪৭. নিচে কোন প্রাণীটি জলাতঙ্ক রোগের জীবাণু বহন করে?

(ক) ময়ুর (খ)কুকুর

(গ)গরু (ঘ)মশা

উত্তরঃ কুকুর

৪৮. হাম বসন্ত ইত্যাদি রোগ কিসের মাধ্যমে ছড়ায়?

(ক) পানি (খ) বায়ু

(গ)মশা (ঘ) খাদ্য

উত্তরঃ বায়ু

৪৯.যক্ষা রোগীর হাচি ও কাশির সময় কী করা উচিত?

(ক) মখে রুমাল ব্যবহার করা

(খ) মুখে হাত ব্যবহার করা

(গ) মুখ খোলা রেখে কাশি দেয়া

(ঘ) অন্যেরকাছাকাছি দেয়া

উত্তরঃ মখে রুমাল ব্যবহার করা

৫০. কোনটি ম্যালেরিয়া বা ডেঙ্গু রোগের বাহক

(ক) কুকুর (খ) এইচ আইভি

(গ) মশা (ঘ) মাছি

উত্তরঃ মশা

www.digitalstudyroom.com